



শুভ ও অরোপার শুভেচ্ছা

সিডনীতে দুই সপ্তাহ আগে একজন সাহসী বাবা “শুভ” তার কিডনি, অসুস্থ কন্যা অরোপাকে দান করেছে। কিডনি ট্রান্সপ্লান্টের খবর বাংলা-সিডনি ওয়েবসাইটে পড়ে বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে যে সমস্ত ভাই-বোনরা যোগাযোগ করেছেন, আজকের লেখা তাদের জন্য - শুভ ও অরোপার পক্ষ থেকে শুভেচ্ছা।

মানুষের ব্যাথায় মানুষ কাঁদে। সেটা প্রমান হয়েছে গত ১৬ই জুন, ওদের অপারেশনের দিন - সারাক্ষণ একের পর এক SMS, Email ও ফোন কলের মাধ্যমে। যারা যোগাযোগ করেছেন তাদের অনেকেই ওদের অচেনা। বাবা হিসাবে তার এ আত্ম্যাগ সাবহাইকে বিমোহিত করেছে।

অপারেশনের ৭ দিনের মাথায় অরোপার দেহ থেকে সকল লাইফ সাপোর্টের টিউবগুলো খুলে নেয়া হয়েছে। ৮ দিনের মাথায় অরোপাকে ইন্টেনসিভ থেকে সাধারণ ওয়ার্ডে নিয়ে আসা হয়েছে ও বাবা মা সহ অন্যদের দেখতে দেয়া হয়েছে (ছবিতে অপারেশনের পর বাবা ও মেয়ের প্রথম দেখা)। ৯ দিনের মাথায় নিয়মিত খাবার দেওয়া হয়েছে। সব মিলে সৃষ্টিকর্তার অসীম কৃপায় ওরা দুজনেই এখন হসপিটাল ছাড়ার অপেক্ষায়।

গোটা অপারেশনটাই ছিল অনেক মানুষের দোয়া ও মমতায় আছুন - তার মধ্যে শুভের দুই বন্ধু পরিবার, মিকন ও তুইন এর কথা না বললেই নয় - অপারেশনের দিন ওরা বনী ও অপলা'র পাশে ছায়ার মত থেকেছে। যারা খবরাখবর জানতে চেয়েছেন তাদের প্রতি মিনিটে মোবাইলে আপডেট পাঠ্য়েছে। এ ছাড়া আমেরিকা থেকে ঝরনা মাসি, সাঙ্গির আপার পরিবার,

ইথিওপিয়ার জুবের ইকবাল, মেলবর্গের জাহাঙ্গীর ভাই, ব্রীজবেনের লাইলাক পরিবার, লেখক অজয় দাশগুপ্ত, গুড মর্নিং বাংলাদেশের ড. আব্দুল হক ভাই, লাল সবুজের মাসুদ ভাই, রাজশাহী বিশ্ববিদ্যালয় এ্যন্টুমনাই এসোসিয়েশনের জুলু ও মেজবা ভাই সহ অন্যান্য সদস্য, নেহাল নেয়মুল বারী পরিবার, জন মর্টিন, ড: মিজান, ড: লাভলি রহমান ও পুষন সহ অনেকেই যোগাযোগ করেছেন। আপনাদের সুবার্তা শুভের কাছে পাঠিয়েছি - আপনাদের দোয়ায় ওরা ভালো থাক, অরোপা বড় হোক, সুস্থ থাক এই কামনা নিয়ে শেষ করার আগে একটা ছোট্ট ঘটনার কথা আপনাদের জানাতে চাই -

১৯৮০ সালের দিকে রাজশাহীতে আমার বিশ্ববিদ্যালয় জীবনের শুরুতে - নাইট কোচে চিটাগং থেকে ঢাকা আর সকালের কোচে রাজশাহী যাওয়ার পথে বিশ্ববিদ্যালয়ের একজন সিনিয়ার শিক্ষকের পাশে আমার সিট পড়েছিল। রাতে না ঘুমানোর কারণে আমার ঘুমন্ত মাথাটা সেই শিক্ষকের গায়ে বার বার হেলে পড়েছিলো আর তিনি পিতৃসুলভ আদরে সেই ভার বহন করেছিলেন - জানিনা কতটা সময়। সেই শিক্ষক আর কেউ নন - আমাদের শুভের বাবা “ঢাকা কুইন বিশ্ববিদ্যালয়ের” বর্তমান ভাইস চ্যান্সেলার ড: আব্দুল খালেক।

ধন্যবাদাত্তে:-



তরু ইসলাম

মোবাইল +৬১৪২১৩০৬০৬৯
Email: taruislam@yahoo.com.au